

ভুট্টার ফল আর্মি ওয়ার্ম কীটশত্রুর আক্রমণ সম্পর্কিত জরুরী সতর্কীকরণ

কোচবিহার জেলার বিভিন্ন ব্লকে ভুট্টার ফল আর্মি ওয়ার্ম কীটশত্রুর আক্রমণের খবর পাওয়া যাচ্ছে। এই পরিপ্রেক্ষিতে কৃষকভাইদের উদ্দেশ্যে কোচবিহার কৃষি বিজ্ঞান কেন্দ্রের আপতকালীন নিয়ন্ত্রণ ব্যবস্থার সুপারিশ।

পোকা চেনার উপায়ঃ লার্ভার মাথায় উল্টানো ইংরাজী Y আকৃতির চিহ্ন থাকে এবং শরীরের পেছনের অংশে পিঠের উপর চারটে কালো বিন্দু বর্গাকারে সাজানো থাকে।

ক্ষতির লক্ষণঃ

ভুট্টা গাছের পাতায় ইতস্ততভাবে বিভিন্ন আকারের ছিদ্র দেখা গেলে বুঝতে হবে পোকাকার আক্রমণ শুরু হয়েছে। এছাড়াও পাতায় প্রচুর পরিমাণে পোকাকার মল দেখা যাবে। ভুট্টা গাছের কাণ্ড এবং পাতার সংযোগস্থলের গর্তে মূলতঃ পোকাকার উপস্থিতি দেখা যায়।



নিয়ন্ত্রণ ব্যবস্থা



লার্ভা ছোট অবস্থায় (দ্বিতীয় বা তৃতীয় ইনস্টার)	ইমামেস্কিন বেনজোয়েট ৫% এস.জি ০.৪ মিলি প্রতি লিটার জলে অথবা ইনডক্সাকাব ১৪.৫% এস.সি ১ মিলি প্রতি লিটার জলে গুলে স্প্রে করতে হবে
লার্ভা অপেক্ষাকৃত বড় অবস্থায়	নোভা লিউরন ৫.২৫% + ইমামেস্কিন বেনজোয়েট ০.৯% এস.সি ১.৭৫ মিলি প্রতি লিটার জলে অথবা স্পাইনটোরাম ১১.৭% এস.সি ০.৫ মিলি প্রতি লিটার জলে গুলে স্প্রে করতে হবে